Since the transferred shares will be issued only in demat mode once all the documents are found in order by the Company / RTA, the transferee(s) must have a demat account and submit the following documents viz; (a) Original share certificates (b) Transfer Deed executed prior to April 01, 2019 (c) Proof of purchase (d) KYC Documents (e) Latest Client Master List (CML) not older than 2 months duly attested by DP &(f) Undertaking cum Indemnity as per prescribed format available in website of the Company while lodging the documents for transfer with the Company/RTA.

Eligible shareholder(s) may contact the Company or its Registrar and Share Transfer Agent (RTA) viz. Niche Technologies Pvt. Ltd. at email id **nichetechpl@nichetechpl.com** or their office address at 3A, Auckland Place, 7th Floor, Room No.7A & 7B, Kolkata-700017,Tele No.:(033) 2280 6616/617 /6618 or the Company at **foundryfuel@gmail.com** for further assistance

For **Foundry Fuel Products Limited**
Sd/-
(Om Prakash Ojha)
Company Secretary & Compliance Officer

Place: Kolkata
Date: 29.08.2026

WC

WESTERN CARRIERS (INDIA) LIMITED

CIN - L63090WB2011PLC161111
Reg Office: 2/6 Sarat Bose Road, 2nd Floor, Kolkata 700 020 West Bengal, India; **Tel. No.:** 033 2485 8519
Email.: investors@wetcong.com; **Website.:** www.western-carriers.com

15TH ANNUAL GENERAL MEETING OF WESTERN CARRIERS (INDIA) LIMITED TO BE HELD THROUGH VIDEO CONFERENCING (VC)/OTHER AUDIO-VISUAL MEANS (OAVM)

Notice is hereby given that the Fifteenth (15th) Annual General Meeting (AGM) of the shareholders of Western Carriers (India) Limited ("the Company") is scheduled to be held on **Wednesday, September 30, 2026, at 12:30 P.M. IST** through Video Conferencing ('VC')/ Other Audio Visual Means ('OAVM'), to transact the businesses to be set out in the Notice of the AGM ("AGM Notice"), in compliance with the applicable provisions of the Companies Act, 2013 ("the Act") and rules made thereunder, read with MCA Circular Number 14/2020 dated April 08, 2020, 17/2020 dated April 13, 2020, 20/2020 dated May 05, 2020, 22/2020 dated June 15, 2020, 33/2020 dated September 28, 2020, 39/2020 dated December 31, 2020, 02/2021 dated January 13, 2021, 10/2021 dated June 23, 2021, 20/2021 dated December 08, 2021, 21/2021 dated December 14, 2021, 03/2022 dated May 05, 2022, 11/2022 dated December 28, 2022, General Circular No.09/2023 dated September 25, 2023 and General Circular No.09/2024 dated September 19, 2024 & 03/2025 dated September 22, 2025 (collectively referred to as "MCA Circulars") and Securities and Exchange Board of India (SEBI) Circular Number SEBI/HO/CFD/CMD1/CIR/P/2020/79 dated May 12, 2020 and SEBI/HO/CFD/CMD2/CIR/P/2021/11 dated January 15, 2021, SEBI/HO/ CFD/CMD2/CIR/P/2022/62 dated May 13, 2022, SEBI/HO/CFD/PoD-2/P/CIR/2023/4 dated January 05, 2023, SEBI/HO/CFD/CFD-PoD-2/P/CIR/2023/167 dated October 07, 2023 and SEBI/HO/CFD/CFD-PoD-2/P/CIR/2024/133 dated October 03, 2024 (collectively referred to as "SEBI Circulars") to transact the businesses as set out in the AGM Notice.

In compliance with the above MCA & SEBI Circulars, the AGM Notice including the procedure and instructions for e-voting and the Annual Report 2025-26 will be sent electronically to all those Members whose email addresses are registered with the Company/Depositories. Further, a letter providing a weblink for accessing the AGM Notice and Annual Report 2025-26 will be sent to those Members who have not registered their e-mail address. However, the members may request a physical copy of the AGM Notice and the Annual Report from the Company in case, they wish to obtain the same by sending a request at investors@westcong.com or by sending a request to Company's Registrar and Share Transfer Agent (RTA) MUFG Intime India Private Limited (formerly known as Link Intime India Private Limited) investor.helpdesk@in.mpms.mufg.com mentioning their Folio No/DP ID and Client ID.

In conformity with the applicable regulatory requirements, the Notice of the 15th AGM alongwith the Annual Report for the Financial Year 2025-26, will be sent only through electronic mode to those members who have registered their e-mail addresses with the Company or with its depositories. AGM Notice and the Annual Report for the Financial Year 2025-26 will also be available on the Company's website at www.western-carriers.com as well as on the website of the Stock Exchanges, where the shares of the Company are listed, viz. (BSE & NSE) www.bseindia.com and www.nseindia.com respectively and on the NSDL's website at https://www.evoting.nsdl.com.

Members can participate in the AGM through the VC/OAVM facility only, details of which will be provided by the Company in the AGM Notice. Accordingly, physical attendance of Members has been dispensed with. Members attending the Meeting through VC/OAVM shall be counted for the purpose of reckoning quorum under Section 103 of the Companies Act, 2013.

The Company will provide the facility to its Members to exercise their right to vote by electronic means both through remote e-voting and e-voting at the AGM. The Shareholders will be provided with a facility to attend AGM through VC/OAVM through NSDL. The remote e-voting facility shall commence from Sunday, September 27, 2026 at 09:00 A.M. (IST) and end on Tuesday, September 29, 2026, at 05:00 P.M. (IST). Only Members, whose names appear in the Register of Members / Beneficial Owners as on the **Cut-off** date viz. Wednesday, September 23, 2026, shall be entitled to avail the facility of remote e-voting and e-voting at the AGM. The instructions on the process for joining the AGM, e-voting, including the manner in which members holding shares in physical form or who have not registered their email address can cast their vote through remote e-voting or e-voting at the Meeting, will be provided as part of the AGM Notice.

The e-voting will commence at 9:00 A.M. on Sunday, September 27, 2026 and will end at 5:00 P.M. Tuesday, September 29, 2026.

The books will remain closed from September 24, 2026 to September 30, 2026 (both days inclusive) for the purpose of AGM.

The Notice of 15th AGM will be sent to the shareholders in accordance with the applicable Laws on their email addresses shortly.

For Western Carriers (India) Limited
Sd/-
Sapna Kochar
Company Secretary
& Compliance Officer
ICSI Membership No. A56298

Date : August 29, 2026
Place : Kolkata, West Bengal

ফুলে উঠছে গঙ্গা-ফুলহর, আতঙ্কিত নদী-পাড়ের বাসিন্দারা

নিজস্ব সংবাদদাতা, মালদহ, ২৯ আগস্ট— মাথ ভাদ্রেও জল বাড়ছে গঙ্গা ও ফুলহর নদীর। বিশেষ করে নেপালে ভোটেকোশী নদীতে হড়পা বানের পর গঙ্গা ও ফুলহরে জল বাড়ছে বলে জানিয়েছেন মালদহের বাসিন্দারা। জল বাড়তেই আতঙ্কে ভুগছেন দুই নদীর তীরবর্তী এলাকার বাসিন্দারা। গঙ্গার ভাঙন মালদহের অন্যতম বড় সমস্যা। বহু মানুষের ভিটামাটি, জমিজমা তলিয়ে গিয়েছে গঙ্গাগর্ভে। গঙ্গা, ফুলহরের মতো নদী এখন টইটম্বুর। ভাদ্রের চড়া রোদ, পশ্চিমী হাওয়া আর ওপর থেকে নেমে আসা জলের তোড়ে শুরু হয় ভাঙনের তাণ্ডব। গত কয়েক দিন ধরেই মালদহে গঙ্গার সেই তাণ্ডব চলছে। তার মধ্যেই নেপালের ঘটনায় নতুন করে ঘনাচ্ছে বন্যার আশঙ্কা।

ইতিমধ্যেই মালদহের একাধিক জায়গায় গঙ্গা জলস্তর বিপদসীমা ছাড়িয়েছে। শুক্রবার রাতে মানিকচক ঘাটে গঙ্গার জলস্তর ছিল ২৫.১৮ মিটার। নির্ধারিত বিপদসীমা ২৪.৬৯ মিটারের চেয়ে যা কিছুটা বেশি। তবে শনিবার দুপুরে জলস্তর কিছুটা স্বাভাবিক ছিল। অন্যদিকে, হরিশ্চন্দ্রপুরের তেলজমা ঘাটে একই সময়ে ফুলহরের জলস্তর ছিল ২৬.৮২ মিটার। যা বিপদসীমা ২৭.৪৩ মিটার থেকে কিছুটা কম। তবে জল যে হারে বাড়ছে, তাতে আগামী ৪৮ ঘণ্টার মধ্যে ফুলহরও বিপদসীমা ছুঁয়ে ফেলতে পারে বলে আশঙ্কা স্থানীয়দের। তুলনায় কিছুটা স্বস্তিতে মহানন্দা। জানা গিয়েছে, মহানন্দার জল বিপদসীমার অনেক নিচে রয়েছে। কিন্তু গঙ্গার ভাঙন এমনিতেই আতঙ্কে থাকা নদীপাড়ের মানুষের কাছে সামান্য জলবৃদ্ধিও বড় বিপদের বার্তা।

মানিকচকের জোতপাট্টার বাসিন্দা ভূষণ মণ্ডল বলেছেন, 'গঙ্গায় যেভাবে জল বাড়ছে, তাতে বন্যার আশঙ্কা রয়েছে। উত্তরপ্রদেশে ভয়াবহ বন্যা হয়েছে। সেই জল গঙ্গা দিয়ে নেমে এলে আমাদের কী হবে, ভাবতেই ভয় লাগছে। ভাঙনের কারণে ঘর হারানোর আতঙ্কে রয়েছি।'

ফুলহরের তীরের মিরপাড়ার বাসিন্দা গোলাম মোস্তাফার চোখে-মুখেও উদ্বেগের ছায়া। তাঁর দাবি, ফুলহরের হড়পা বানের জল কোশিতে ঢুকছে। সেই জল ফুলহরে এলে পরিস্থিতি ভয়াবহ হতে পারে। তাঁর ভরসা বিহার সীমান্তের ধবল বাঁধ। কিন্তু সেই বাঁধের অবস্থাও খুব একটা ভাল নয়। জেলা সেচ দপ্তরের এক আধিকারিক অবশ্য বলছেন, পরিস্থিতির দিকে নজর রাখা হচ্ছে। সাধারণত আগস্টের মাঝামাঝি থেকে অক্টোবরের প্রথম সপ্তাহ পর্যন্ত গঙ্গার জলস্তর বাড়ে। এবারও তার ব্যতিক্রম হয়নি। তবে নেপালের হড়পা বানের জল গঙ্গায় নেমে আসার সম্ভাবনা খুবই ক্ষীণ। প্রশাসনের বার্তার পরেও অবশ্য নদীপাড়ের বাসিন্দাদের আতঙ্ক কাটছে না। ভাঙনের আশঙ্কায় তাঁরা বিনিদ্র রাত কাটাচ্ছেন।

৪৪ হাজার সরকারি অফিসে বসল প্রিপেড মিটার, সেপ্টেম্বর থেকেই স্মার্ট বিলিং

নিজস্ব প্রতিনিধি— সরকারি দপ্তরের বিদ্যুৎ খরচে এবার 'স্মার্ট' নজরদারি। রাজ্যের প্রায় ৪৪ হাজার সরকারি অফিসে বসে গিয়েছে প্রিপেড স্মার্ট মিটার। সেপ্টেম্বর থেকেই ওই মিটারগুলিতে শুরু হবে বিদ্যুৎ বিলিং। বিজেপি সরকার ক্ষমতায় আসার পরই রাজ্যের সমস্ত সরকারি দপ্তরে প্রিপেড স্মার্ট মিটার চালুর উদ্যোগ নেওয়া হয়েছিল। নির্দিষ্ট সময়সীমার মধ্যে কাজ শেষ করার নির্দেশ দিয়ে সমস্ত দপ্তরের প্রধান, রাজ্য পুলিশের ডিজি এবং জেলাশাসকদের চিঠি দিয়েছিলেন মুখ্যসচিব মনোজ আগরওয়াল।

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ বণ্টন সংস্থা সূত্রে খবর, ৩১ আগস্টের মধ্যে প্রায় ৪৪ হাজার সরকারি অফিসে প্রিপেড স্মার্ট মিটার চালু হয়ে যাবে। বর্তমানে রাজ্যে সরকারি দপ্তরের সংখ্যা প্রায় ৯০ হাজার। সরকারের লক্ষ্য, ধাপে ধাপে ১০০ শতাংশ সরকারি অফিসকেই এই ব্যবস্থার আওতায় আনা। সেই কারণে প্রতিটি সরকারি অফিসের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের মোবাইল নম্বর ডব্লিউবিএসইডিসিএলের পোর্টালে নথিভুক্ত করার নির্দেশ দেওয়া হয়েছে। নথিভুক্ত মোবাইল নম্বরে আসবে বিদ্যুৎ বিলের অঙ্ক, বিল জমা দেওয়ার শেষ তারিখ-সহ গুরুত্বপূর্ণ তথ্য। বর্তমানে ডব্লিউবিএসইডিসিএলের পোস্টপেড সংযোগ রয়েছে এবং বিদ্যুৎ ব্যবহারের লোড ৫০ কিলোওয়াটের বেশি নয়, এধরনের সরকারি অফিসে এই ব্যবস্থা কার্যকর হবে।

নবান্ন সূত্রে খবর, প্রিপেড মিটারে বিলিং শুরুর আগে শেষ একটি পোস্টপেড বিল পাঠাবে বিদ্যুৎ বণ্টন সংস্থা। বিল তৈরির তারিখের ১০ দিনের মধ্যে তা মেটাতে হবে। সময়মতো টাকা না দিলে পরবর্তী বিলের সঙ্গে সেই বকেয়া যোগ করা হবে। যে অফিসগুলিতে এখনও দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের মোবাইল নম্বর নথিভুক্ত হয়নি, তাদের দ্রুত তা করার নির্দেশ দেওয়া হয়েছে। বিদ্যুৎ বণ্টন সংস্থার আর্থিক পরিস্থিতির উন্নতির লক্ষ্যে চালু হওয়া 'রিভ্যাম্পড ডিস্ট্রিবিউশন সেক্টর স্কিম'-এর (আরডিএসএস) নির্দেশিকা মেনেই সরকারি অফিসে প্রিপেড স্মার্ট মিটার বসানো বাধ্যতামূলক করা হয়েছে।

উদ্ধারকারী দল পাঠাল ভারত

একের পৃষ্ঠার পর

তৃতীয় দফার ত্রাণে রয়েছে জেনারেটর, খাবারের প্যাকেট, প্রয়োজনীয় সামগ্রী এবং জল পরিশোধনের ট্যাবলেট। এর আগে ২৬ আগস্ট প্রথম বিমানে ১০ টন এবং ২৭ আগস্ট দ্বিতীয় বিমানে ৩৭.৫ টন ত্রাণ পাঠিয়েছিল ভারত। সেই সব সামগ্রীর মধ্যে ছিল তাঁবু, কম্বল, ওষুধ, খাবার, জল নিষ্কাশনের পাম্প, রান্নার সরঞ্জাম এবং জেনারেটর।

ভারতের উদ্ধারকারী দলের নেপালে যাওয়ার পিছনে আরও একটি গুরুত্বপূর্ণ কারণ রয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত একটি জলবিদ্যুৎ প্রকল্পের সুড়ঙ্গে বেশ কয়েকজন আটকে থাকতে পারেন বলে আশঙ্কা করা হচ্ছে। সেই সুড়ঙ্গে উদ্ধারকাজ চালানোর সম্ভাবনা এবং প্রয়োজনীয় প্রযুক্তি খতিয়ে দেখবেন ভারতীয় বিশেষজ্ঞরা।

প্রাকৃতির দুর্যোগে নেপালের বহু রাস্তা ও সেতু ভেঙে গিয়েছে। বিচ্ছিন্ন হয়ে পড়েছে একাধিক এলাকা। দ্রুত যোগাযোগ ব্যবস্থা ফেরাতে ভারত বেইলি ব্রিজ তৈরিতে প্রযুক্তিগত সহায়তার প্রস্তাব দিয়েছে। নেপালও বন্যাবিধ্বস্ত এলাকায় পরিবহণ ব্যবস্থা ফেরাতে ভারত ও চিনের কাছে ৪২টি বেইলি ব্রিজ তৈরিতে সাহায্য চেয়েছে। দ্রুত তৈরি করা যায় বহনযোগ্য এই সেতুগুলি দুর্গম এলাকায় যোগাযোগ ফেরাতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে।

প্রয়োজনে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী বা এনডিআরএফ-এর দল এবং আরও উদ্ধার সরঞ্জাম পাঠানোর প্রস্তাবও দিয়েছে দিল্লি। ভারতের বক্তব্য, নেপালের প্রয়োজন অনুযায়ীই সাহায্যের ধরন ঠিক করা হবে।

দুর্যোগের পর প্রথমে নেপাল জানিয়েছিল, নিজেদের সেনা ও পুলিশকেই উদ্ধারকাজে অগ্রাধিকার দেওয়া হবে। স্থানীয় পরিবেশ ও দুর্গম পাহাড়ি ভূখণ্ডের সঙ্গে তারা বেশি পরিচিত বলেই এই সিদ্ধান্ত। পরে নেপালের পররাষ্ট্রমন্ত্রী শিশির খানাল জানান, যেখানে অত্যন্ত জটিল পরিস্থিতি বিশেষ প্রযুক্তিগত দক্ষতার প্রয়োজন সেখানে আন্তর্জাতিক সাহায্য নেওয়া হবে। অবস্থান বদলের পরই ভারত-সহ বিভিন্ন দেশের সাহায্যের পথ খুলেছে। ভারত, চিন, বাংলাদেশ, শ্রীলঙ্কা, ব্রিটেন, আমেরিকা, জাপান এবং দক্ষিণ কোরিয়া নেপালকে বিভিন্ন ধরনের সাহায্যের প্রস্তাব দিয়েছিল।

এখন নেপালের দুর্গম এলাকাগুলিতে আটকে থাকা মানুষকে দ্রুত উদ্ধার করাই মূল লক্ষ্য। নিখোঁজ প্রায় দু'হাজার। ফলে মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। ত্রাণ পৌঁছে দেওয়ার পাশাপাশি ভেঙে পড়া যোগাযোগ ব্যবস্থা ফেরানো এবং দুর্গম ও বিচ্ছিন্ন থাকায় সেখানে পৌঁছনোটাই উদ্ধারকারীদের কাছে সবচেয়ে বড় চ্যালেঞ্জ।

জেলায় উন্নয়নের বার্তা মুখ্যমন্ত্রীর

একের পৃষ্ঠার পর

জেলার পঞ্চায়েতগুলি নিষ্ক্রিয় থাকায় বিডিওদের বাড়তি দায়িত্ব নেওয়ার নির্দেশও দেন তিনি।

এদিন বীরভূমের সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রেও একাধিক পরিকল্পনার কথা জানিয়েছেন শুভেন্দু। সিউড়ি মেডিক্যাল কলেজ, দেউচা-পাচামি, জাতীয় সড়ক এবং রেলের বিভিন্ন উন্নয়ন প্রকল্প নিয়ে প্রশাসনিক স্তরে সিদ্ধান্ত হয়েছে বলে খবর। শুভেন্দুর কথায়, 'মা তারার বীরভূম, বাউলের বীরভূম, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের বীরভূম। এই জেলার ঐতিহ্য ও সংস্কৃতি বজায় রেখেই আমরা তাকে নতুনভাবে গড়ে তুলব।' সবচেয়ে তাৎপর্যপূর্ণ বার্তা এসেছে দেউচা-পাচামি নিয়ে। আগামী সেপ্টেম্বরের শেষ সপ্তাহে প্রকল্পের চূড়ান্ত 'কংক্রিট রোডম্যাপ' প্রকাশের আশ্বাস দিয়েছেন মুখ্যমন্ত্রী। একই সঙ্গে আগের মমতা সরকারকে বিঁধে অভিযোগ করেন, নিয়ম ভেঙে আদিবাসীদের জমি বর্ধমানের তৃণমূল নেতাদের নামে পাট্টা দেওয়া হয়েছিল। সেই পাট্টা দেখিয়ে চাকরিও নেওয়া হয়েছিল। ইতিমধ্যেই ওই বেআইনি পাট্টা এবং তার ভিত্তিতে পাওয়া চাকরি বাতিল করা হয়েছে বলে জানান তিনি।

সদ্য প্রয়াত তৃণমূল নেতা অশিস বন্দ্যোপাধ্যায়ের আত্মহত্যার ঘটনাকে বেদনাদায়ক বলে উল্লেখ করলেও মুখ্যমন্ত্রী সাফ জানান, দুর্নীতির বিরুদ্ধে তাঁর সরকারের অভিযান থামবে না। এদিন বিরোধীদের তোলা 'মিথ্যা মামলার' অভিযোগও উড়িয়ে দিয়েছেন মুখ্যমন্ত্রী। তাঁর সাফ কথা, চুরি করলে নিস্তার নেই। তারাপীঠ ডেভেলপমেন্ট অথরিটি (টিডিএ)-র দুর্নীতির তদন্ত চলবে। এদিন আশিসের রামপুরহাটের বাড়িতে যান মুখ্যমন্ত্রী। বেশ কিছুক্ষণ সেখান ছিলেন তিনি। কথা বলেন, প্রাক্তন বিধায়কের স্ত্রীর সঙ্গে। আশিসের বাড়ি থেকে বেরিয়ে শুভেন্দু বলেন, 'আশিসদার বাড়ির সদস্যরা আমায় বলেছেন, প্রশাসন বা বিজেপির কেউ তাঁদের উত্যক্ত করেনি। বউদিকে আমি ফোন নম্বর দিয়ে এসেছি। দাদাকে তো ফিরিয়ে দিতে পারব না। তবে তাঁর পাশে থাকার দায়িত্ব পালন করব। আমি একটি অনুষ্ঠানে তাঁকে একটা কালীঠাকুর দিয়েছিলাম। প্রত্যেকদিন সেই ঠাকুরকে পুজো করে বাড়ি থেকে বেরোতেন আশিসদা।' উল্লেখ্য, ১৬ আগস্ট রামপুরহাটে বাড়ি সংলগ্ন পার্টি অফিস থেকে উদ্ধার হয়েছিল আশিসের দেহ। তারাপীঠে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী আরও জানান, আগামী মাসের ১ তারিখ রাজ্য ও জেলা স্তরের সাংবাদিকদের জন্য কিছু কল্যাণমূলক সিদ্ধান্ত ঘোষণা করা হবে। এ প্রসঙ্গে স্থানীয় সংবাদমাধ্যমের পক্ষ থেকে প্রশাসনের কাছে প্রস্তাব পাঠানোর আহ্বানও জানান তিনি।

ঘরবাড়ি-রাস্তা নিশ্চিহ্ন, মৃতের সংখ্যা ৬২৬ পার

একের পৃষ্ঠার পর

নেপাল থেকে উদ্ধার হওয়া তামিলনাড়ুর ২১ জন তীর্থযাত্রী ইতিমধ্যে দেশে ফিরেছেন। তাঁদের অনেকেরই এখনও সঙ্গীদের নিয়ে উদ্বেগ কাটেনি।

এদিকে প্রথমে বিদেশি উদ্ধারকারী দলকে ঢুকতে দিতে অনিচ্ছুক থাকলেও পরে অবস্থান বদলেছে কাঠমান্ডু। ভারত, চিন, অস্ট্রেলিয়া এবং দক্ষিণ কোরিয়ার বিশেষজ্ঞদের নির্দিষ্ট কাজে সাহায্য করার অনুমতি দেওয়া হয়েছে। বিশেষ করে জলবিদ্যুৎ প্রকল্পের সুড়ঙ্গে উদ্ধারকাজ, মৃতদেহ শনাক্ত করতে ডিএনএ পরীক্ষা এবং ফরেনসিক কাজে তাঁদের সাহায্য নেওয়া হবে।

ভারতও নেপালের পাশে থাকার বার্তা দিয়েছে। তিনটি সামরিক পরিবহণ বিমানে ৫৭.৫ টন ত্রাণসামগ্রী পাঠানো হয়েছে। চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের দল পাঠানো হয়েছে।

কিন্তু ত্রাণ ও উদ্ধারকাজের পাশাপাশি এখন সবচেয়ে বড় প্রশ্ন— আর কতজনকে জীবিত উদ্ধার করা সম্ভব হবে? ধ্বংসস্তূপের নিচে, নদীর পাড়ে কিংবা দুর্গম পাহাড়ি পথে এখনও কেউ প্রাণের আশায় অপেক্ষা করছেন কি না, সেই উত্তর খুঁজতেই দিনরাত তল্লাশি চালাচ্ছেন উদ্ধারকারীরা।

আয়ুষ্মান ভারত প্রকল্পে নিখরচায় অস্ত্রোপচার ডুয়ার্সের কৃষকের

নিজস্ব সংবাদদাতা, জলপাইগুড়ি, ২৯ আগস্ট— রাজ্যে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর শুরু হয়েছে আয়ুষ্মান কার্ডের পরিষেবা। কলকাতার পাশাপাশি জেলাগুলিতেও সরকারি ও বেসরকারি হাসপাতালে এই কার্ডে চিকিৎসার সুবিধা পাচ্ছেন মানুষ। জলপাইগুড়িতেও শুরু হয়েছে সেই পরিষেবা। এবার আয়ুষ্মান কার্ডের মাধ্যমে ব্যয়বহুল অস্ত্রোপচার সম্পূর্ণ নিখরচায় করাতে পেরে স্বস্তিতে ডুয়ার্সের একটি কৃষক পরিবার।

ধূপগুড়ির বাসিন্দা ৭২ বছরের অনন্ত সরকার সম্প্রতি বাড়ি ফেরার পথে হাত-পা ধুতে গিয়ে আচমকা পা পিছলে পড়ে যান। দুর্ঘটনায় তাঁর কোমরের হাড় ভেঙে যায়। অস্ত্রোপচারের প্রয়োজন হওয়ায় খরচের চিন্তায় পড়ে পরিবার। পরে আয়ুষ্মান কার্ডের কথা জানতে পেরে তাঁকে জলপাইগুড়ি শহরের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করানো হয়।

পরিবারের দাবি, হাসপাতাল কর্তৃপক্ষ আয়ুষ্মান কার্ডের মাধ্যমে অস্ত্রোপচারের সমস্ত খরচ বহন করে। একটি টাকাও খরচ করতে হয়নি তাঁদের। হাসপাতাল কর্তৃপক্ষের দাবি, এটিই জলপাইগুড়ির বেসরকারি হাসপাতালে প্রথম আয়ুষ্মান পরিষেবার আওতায় অস্ত্রোপচার।

হাসপাতালের প্রধান তথা অর্থোপেডিক সার্জেন ডা. কমলেশ বিশ্বাস জানান, অস্ত্রোপচারটি ব্যয়বহুল হলেও আয়ুষ্মান কার্ড থাকায় তা সম্পূর্ণ নিখরচায় করা হয়েছে। রোগী বর্তমানে সুস্থ রয়েছেন। আগামী দিনেও হাসপাতালে আয়ুষ্মান পরিষেবা অব্যাহত থাকবে বলেও জানিয়েছেন তিনি।

৫০ যক্ষ্মা রোগীর পুষ্টির দায়িত্ব নিলেন বিধায়ক

নিজস্ব সংবাদদাতা, দুর্গাপুর, ২৯ আগস্ট— 'নিক্ষয় মিত্র' কর্মসূচির মাধ্যমে দুর্গাপুরের ৫০ জন যক্ষ্মা আক্রান্ত রোগীর পুষ্টিকর খাবারের দায়িত্ব নিলেন বিধায়ক লক্ষ্মণ ঘোড়ুই। শনিবার দুর্গাপুর মহকুমা হাসপাতালে আনুষ্ঠানিকভাবে এই উদ্যোগের সূচনা করা হয়। রোগীদের হাতে ডিম, সোয়াবিন, চাল, ডাল-সহ বিভিন্ন পুষ্টিকর খাদ্যসামগ্রী তুলে দেওয়া হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাসপাতালের সুপার ধীমান মণ্ডল, উপাধীক্ষক শ্রীরূপা ভট্টাচার্য, সমাজসেবী পারিজাত গঙ্গোপাধ্যায়, মনীষা সিকদার-সহ অন্যরা। বিধায়ক নিজে উপস্থিত থেকে রোগীদের হাতে খাদ্যসামগ্রী তুলে দেন।

লক্ষ্মণ ঘোড়ুই জানান, যক্ষ্মা নির্মূলে চিকিৎসার পাশাপাশি রোগীদের পুষ্টির ঘাটতি পূরণ করাও জরুরি। সরকারের তরফে যক্ষ্মা রোগীদের প্রয়োজনীয় ওষুধ দেওয়া হলেও পুষ্টিকর খাবারের প্রয়োজন রয়েছে। প্রথমে পাঁচ জন রোগীর দায়িত্ব নেওয়ার কথা বলা হয়েছিল। কিন্তু ৫০ জন রোগীর খাবারের দায়িত্ব নেওয়া হয়েছে বলে জানিয়েছেন বিধায়ক। তাঁর এই উদ্যোগে কিছুটা স্বস্তি পেয়েছেন রোগীরা।

মোবাইল-সহ বিপুল সরঞ্জাম

একের পৃষ্ঠার পর

আফতাবের বিরুদ্ধে হরকত-উল-জিহাদ-আল-ইসলামির সঙ্গে যোগাযোগের অভিযোগ রয়েছে। খাদিম কর্তা পার্থ রায় বর্মণকে অপহরণের ঘটনাতেও তার নাম জড়িয়েছিল। দুবাই থেকে তাকে গ্রেপ্তার করা হয়। একাধিক মামলায় আদালত তাকে মৃত্যুদণ্ড দিয়েছিল। পরে দেশের সর্বোচ্চ আদালত সেই সাজা পরিবর্তন করে আমৃত্যু কারাদণ্ডের নির্দেশ দেয়।

তদন্তকারীদের অভিযোগ, জেলে থাকার সময়ও আফতাব পাকিস্তানভিত্তিক জঙ্গিদের সঙ্গে যোগাযোগ রাখত। তাই তার সেল থেকে উদ্ধার হওয়া মোবাইল ও অন্যান্য সরঞ্জামের তথ্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রয়োজনে সেগুলির ফরেন্সিক পরীক্ষা করানো হবে। এর আগে ২০ আগস্ট প্রেসিডেন্সি জেলে তল্লাশিতে বিচারাধীন বন্দি আব্দুল মইনুদ্দিনের কাছ থেকেও একটি স্মার্টফোন ও একটি সিমকার্ড উদ্ধার হয়েছিল।

পরপর এমন ঘটনায় জেলের নিরাপত্তা নিয়েও প্রশ্ন উঠেছে। কীভাবে নিষিদ্ধ সরঞ্জাম জেলের ভিতরে ঢুকল, কারা তা পৌঁছে দিল এবং সেগুলি ব্যবহার করে কোনও গোপন যোগাযোগ চলছিল কি না— এই প্রশ্নের উত্তর খুঁজছে পুলিশ। আফতাবের সেল থেকে উদ্ধার হওয়া বৈদ্যুতিন সরঞ্জাম সেই তদন্তে গুরুত্বপূর্ণ সূত্র হিসেবে কাজে লাগতে পারে।

পাহাড়ে সমতলের গাড়ি নিয়ে ঘোরা যাবে না
ফতোয়া ঘিরে শুরু বিতর্ক

নিজস্ব সংবাদদাতা, দার্জিলিং, ২৯ আগস্ট— দার্জিলিং পাহাড়ে সমতলের গাড়ি পর্যটকদের নিয়ে বিভিন্ন দ্রষ্টব্য স্থানে ঘোরানো যাবে না। এমনই ফতোয়া জারি করেছে দার্জিলিং সংযুক্ত চালক মঞ্চ। আগামী ১ সেপ্টেম্বর থেকে সমতলের চালকরা পর্যটকদের পাহাড়ে পৌঁছে দিয়ে ফিরে যাবেন বলেই সংগঠনের দাবি। তবে এই সিদ্ধান্ত মানতে নারাজ সমতলের চালকরা।

দার্জিলিং সংযুক্ত চালক মঞ্চের সম্পাদক প্রসন্ন প্রধান বলেন, সমতলের চালকরা পর্যটকদের পাহাড়ে নিয়ে আসতে ও ফিরিয়ে নিয়ে যেতে পারেন, কিন্তু পাহাড়ের বিভিন্ন দ্রষ্টব্য স্থান ও টাইগার হিল ঘোরানোর দায়িত্ব পাহাড়ের চালকদেরই হওয়া উচিত। তাঁর দাবি, ১ সেপ্টেম্বর থেকে সমতলের কোনও গাড়িকে পাহাড়ে পর্যটকদের ঘোরাতে দেওয়া হবে না।

পাল্টা অবস্থান নিয়েছে বাগডোগরা ট্যাক্সি ওনার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন। সংগঠনের পক্ষ থেকে বিকাশ সাহা বলেন, তাঁদের কাছে গোটা দার্জিলিং জেলায় গাড়ি চালানোর বৈধ অনুমতি রয়েছে। ফলে কোনও সংগঠনের এমন সিদ্ধান্ত তাঁরা মানবেন না।

পাহাড় ও সমতলের চালকদের মধ্যে এই দ্বন্দ্ব নতুন করে পর্যটন শিল্পে জটিলতা তৈরি করেছে। বিষয়টি নিয়ে পর্যটনমন্ত্রী শঙ্কর ঘোষ বলেন, এ বিষয়ে যা বলার পরিবহণমন্ত্রী বলবেন। ইতিমধ্যেই পরিবহণমন্ত্রী ও প্রশাসনের আধিকারিকদের কাছে চিঠি দেওয়া হয়েছে। সামনে পুজোর মরসুমে পর্যটকদের ভিড় বাড়ার আগে এই জট কাটে কি না, এখন সেদিকেই নজর।

গণেশ চতুর্থীর আগে প্রতিমা তৈরিতে ব্যস্ত শিল্পী।

শিক্ষিকাকে মারধরের অভিযোগ পার্শ্বশিক্ষকের বিরুদ্ধে

নিজস্ব সংবাদদাতা, মুর্শিদাবাদ, ২৯ আগস্ট— শিক্ষক দিবসের প্রস্তুতি নিয়ে শিক্ষক-শিক্ষিকার বিবাদ গড়াল হাতাহাতিতে। এক শিক্ষিকার নাকে ঘুষি মেরে রক্তাক্ত করার অভিযোগ উঠেছে এক পার্শ্বশিক্ষকের বিরুদ্ধে। ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে মুর্শিদাবাদের হরিহরপাড়ার রেজাউল করিম প্রাথমিক বিদ্যালয়ে।

প্রহৃত শিক্ষিকা কাবিরা সুলতানার দাবি, আগামী ৫ সেপ্টেম্বর শিক্ষক দিবস কীভাবে পালন করা হবে, তা নিয়ে পড়ুয়াদের সঙ্গে আলোচনা করতে বলেছিলেন তিনি। সেই মতো পড়ুয়াদের সঙ্গে কথা বলার পর এক শিক্ষিকা তাঁর এক সহকর্মীর কাছে কিছু প্রস্তাব নিয়ে যায়। অভিযোগ, তাঁর সঙ্গে আলোচনা না করেই সেই প্রস্তাব নাকচ করে দেওয়া হয়। শনিবার বিষয়টি নিয়ে ফের বিবাদ পেরে ওই শিক্ষিকার সঙ্গে তাঁর তর্কাতর্কি শুরু হয়।

কাবিরার অভিযোগ, সেই সময় তাঁর সহকর্মীর পক্ষ নিয়ে পার্শ্বশিক্ষক বাবলু শেখ তর্কে জড়িয়ে পড়েন। এরপর তাঁকে চড়, থাপ্পড় ও ঘুষি মারা হয়। ঘুষির আঘাতে তাঁর নাক দিয়ে রক্ত বেরিয়ে যায়। প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার পর হরিহরপাড়া থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন তিনি।

কাবিরার আরও অভিযোগ, রাজনৈতিক প্রভাব খাটিয়ে বাবলু নিয়মিত স্কুলে আসেন না। প্রতিবাদ করলে তাঁকে হুমকি দেওয়া হয়। যদিও অভিযোগ অস্বীকার করেছেন বাবলু। তাঁর পাল্টা দাবি, কাবিরাই প্রথমে মেজাজ হারিয়ে তাঁকে জুতো দিয়ে মারধর করেন। গোটা ঘটনার তদন্ত শুরু করেছে হরিহরপাড়া থানার পুলিশ।

রাতে মৃৎশিল্পীর স্টুডিয়োয় ঢুকে প্রতিমা ভাঙচুর, শিবপুরে গ্রেপ্তার ১

নিজস্ব সংবাদদাতা, হাওড়া, ২৯ আগস্ট— রাতের অন্ধকারে মৃৎশিল্পীর স্টুডিয়োয় ঢুকে একের পর এক প্রতিমা ভাঙচুরের অভিযোগে শিবপুরের মন্দিরতলা থেকে এক ব্যক্তিকে গ্রেপ্তার করল পুলিশ। ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়িয়েছে নবান্নের কাছেই মৃৎশিল্পীদের এলাকায়।

ক্ষতিগ্রস্ত এক মৃৎশিল্পীর অভিযোগ, শুক্রবার রাতে দোকান বন্ধ করে বাড়ি চলে গিয়েছিলেন তিনি। পরে এক সহকর্মীর ফোনে জানতে পারেন, কে বা কারা তাঁর তৈরি প্রতিমা ভেঙে রাস্তায় ফেলে দিয়েছে। রাত দেড়টা নাগাদ কর্মস্থলে পৌঁছে তিনি রাস্তায় প্রতিমার ভাঙা অংশ পড়ে থাকতে দেখেন। শনিবার সকালে থানায় গিয়ে অভিযোগ জানিয়েছেন তিনি। পরে ভাঙা প্রতিমাগুলি রাস্তা থেকে সরিয়ে নিরাপদ জায়গায় রাখা হয়েছে।

অভিযোগ পাওয়ার পর তদন্তে নেমেছে পুলিশ। এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখে এক ব্যক্তিকে চিহ্নিত করা হয়েছে। পুলিশ জানিয়েছে, ধৃতের নাম সাহেব সিংহ। তিনি শিবপুরের গোলাম হোসেন সর্দার লেনের বাসিন্দা।

কী কারণে প্রতিমা ভাঙচুর করা হয়েছিল, তা এখনও স্পষ্ট নয়। পুলিশের প্রাথমিক অনুমান, পুরনো কোনও শত্রুতার জেরেই এই ঘটনা ঘটতে পারে। ধৃতকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। একই এলাকায় কয়েক বছর আগেও একই ধরনের ঘটনা ঘটেছিল বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। ঘটনার সঙ্গে আগের ঘটনার কোনও যোগ রয়েছে কি না, তাও খতিয়ে দেখা হচ্ছে।

উজালা প্রকল্পের গ্যাস কালোবাজারির অভিযোগ, ১৩০টি সিলিন্ডার উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, ঝাড়গ্রাম, ২৯ আগস্ট— সাধারণ উপভোক্তাদের জন্য উজালা প্রকল্পের বরাদ্দ গ্যাস কালোবাজারে বিক্রির অভিযোগে ঝাড়গ্রাম শহরের বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ১৩০টি গ্যাস সিলিন্ডার এবং ৫৪টি গ্যাসের বই উদ্ধার করল পুলিশ। ঘটনায় তিন অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, দীর্ঘদিন ধরেই অভিযোগ আসছিল, উজালা প্রকল্পের গ্যাস সাধারণ উপভোক্তাদের হাতে না পৌঁছে বেশি দামে বাজার, ব্যবসায়িক প্রতিষ্ঠান ও রেস্তোরাঁয় বিক্রি করা হচ্ছে। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে ঝাড়গ্রাম থানার পুলিশ। আইসি উদয়শঙ্কর ঘোষের নেতৃত্বে শহরের একাধিক জায়গায় তল্লাশি চালিয়ে এই বিপুল পরিমাণ সিলিন্ডার ও গ্যাসের বই উদ্ধার করা হয়।

ধৃতদের মধ্যে রয়েছেন ঘোড়াধড়ার প্রবীর পাল, গিধনি শালপাতড়ার বাপি মাহাতো এবং অশোক সাউ। উদ্ধার হওয়া সিলিন্ডার ও নথিপত্র পরীক্ষা করছেন তদন্তকারীরা। এই কারবারে আরও কেউ জড়িত আছে কি না, তা খতিয়ে দেখছে পুলিশ। পাশাপাশি গ্যাসগুলি কীভাবে চোরাকারবারিদের হাতে পৌঁছেছিল, সেটিও তদন্ত করে দেখা হচ্ছে।

খাদ্য সুরক্ষা দপ্তরের অভিযান

নিজস্ব সংবাদদাতা, আসানসোল, ২৯ আগস্ট— খাদ্যের গুণমান ও স্বাস্থ্যবিধি নিয়ে বড়সড় অভিযান চালাল রাজ্যের খাদ্য সুরক্ষা দপ্তর। শুক্রবার আসানসোল শহরে আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটের পুলিশকে সঙ্গে নিয়ে প্রায় ১০টি হোটেল, রেস্তোরাঁ এবং মিষ্টির দোকানে আকস্মিক পরিদর্শন করেন আধিকারিকরা। অভিযানে একাধিক প্রতিষ্ঠানে গুরুতর অনিয়মের অভিযোগ সামনে এসেছে।

খাদ্য সুরক্ষা দপ্তর সূত্রে জানা গিয়েছে, কয়েকটি নামী প্রতিষ্ঠানে খাদ্য লাইসেন্স এবং পানীয় জলের প্রয়োজনীয় নথি পাওয়া যায়নি। একাধিক মিষ্টির দোকানের ফ্রিজ থেকে দীর্ঘদিনের বাসি মিষ্টি এবং মেয়াদ উত্তীর্ণ দই উদ্ধার করা হয়েছে। কোথাও আবার অত্যন্ত অপরিচ্ছন্ন পরিবেশে কাঁচা মাংস সংরক্ষণ করতে দেখা যায়। এমনকি নর্দমার পাশে খোলা অবস্থায় মাংস রাখা হয়েছিল বলেও অভিযোগ।